R. N. No 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

সঞ্চয় জগতে এক অবিস্মরণীয় নাম ঃ
অরুণোদয় সেভিংস এণ্ড ইনভেষ্টমেণ্ট (ই) লিমিটেড
গভঃ রেজিঃ নং ৩১০০৫
হেড ও রেজিঃ অফিস :
বারুইপাড়া, কালনা ( বর্দ্ধমান )
শাখা অফিস :
ফুলতলা, রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
এই প্রতিষ্ঠানের মাধ্যমে সাধারণ ও দুর্ঘটনাজনিত মৃত্যুবীমার সুযোগ নিন।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ । ফুলতলা
এজেণ্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৪১শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৪ই ফাল্গুন বুধবার, ১৩৯৭ সাল
২৭শে ফেব্রুয়ারী, ১৯৯১ সাল।
নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## প্রশাসনের হাজার চেষ্টাতেও এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং যে তিমিরে সে তিমিরে

রঘুনাথগঞ্জঃ জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস চত্বরে এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং গড়ে ওঠার স্বপ্ন বহুদিনের। প্রত্যেক মহকুমা শাসকই চেয়েছেন এ্যাডমিনিষ্ট্রেটিভ বিল্ডিং গড়ে উঠুক। অসুবিধা ঘুচুক অফিসার ও সাধারণ কর্মচারীদের। জানা যায় গত ১৯৮৩ সালে এ ব্যাপারে সরকারের স্বীকৃতি পাওয়া যায়। সঙ্গে সঙ্গে শুরু হয় তৎপরতা পি ডব্লু ডি বিভাগ প্ল্যান ও এষ্টিমেণ্ট দাখিল করেন। খরচের হিসাব ধরা হয় ৫ লক্ষ ৮০ হাজার টাকা। কিন্তু তখন কাজ আরম্ভ না হওয়ায় দ্রব্যমূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ঐ এষ্টিমেণ্ট কষ্ট বর্তমানে ৯০ লক্ষ টাকায় দাঁড়ায়। তবুও লালফিতের বাঁধন কাটিয়ে ঐ বিল্ডিং নির্মাণ হচ্ছে এমন আশা এখনও দেখা দেয়নি। যাইহোক আশার কথা মহাকরণ থেকে এবার নির্দেশ এসেছে জেলা প্ল্যান কমিটির এ্যাপ্রুভ্যাল পাঠাতে হবে। কিন্তু বিস্ময়ের ব্যাপার তাহলে এতদিন যে লেখালেখি প্ল্যান এষ্টিমেট করা হলো সেগুলি কিসের উদ্দেশ্যে? অন্যদিকে পূর্বতন মহকুমা শাসক আর এস শুক্লা তাঁর অফিস চত্বরে ট্রেজারীর পিছনে ফাঁকা জায়গায় ষ্টাফ কোয়াটার গড়ে তোলার ব্যাপারে যে লেখালেখি করে ছিলেন তার কোন উত্তর আজ পর্যন্ত আসেনি (৫ম পৃষ্ঠায়)

## জল বিদ্যুৎ উৎপাদনের সবুজ সংকেত মিলেছে

বিশেষ প্রতিনিধি : ফরাক্কা ব্যারেজ এলাকায় জল বিদ্যুৎ উৎপাদনের ছাড়পত্র কেন্দ্র থেকে পাওয়া গেছে বলে খবর। ফরাক্কা ব্যারেজের ভারপ্রাপ্ত জি এম বি, বি, ঘোষ আমাদের প্রতিনিধির সঙ্গে এক সাক্ষাৎকারে বলেন—গত নভেম্বরে দিল্লীতে এক মিটিং-এ ফরাক্কা ব্যারেজের প্রতিনিধিরা, পঃ বঙ্গ সরকারের তরফে সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়, এন এইচ পি সির প্রতিনিধিরা ও কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সেখানে পঃ বঙ্গের সেচমন্ত্রী বলেন—ব্যারেজ কর্মীরা কংক্রিট ও মাটি কাটার কাজে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন। তার উপর ব্যারেজ কর্তৃপক্ষের হেফাজতে বিদেশী মেশিনপত্র রয়েছে। সে কারণে ব্যারেজ কর্তৃপক্ষ জল বিদ্যুৎ কেন্দ্রের ভার পেতে আগ্রহী। তাঁদের হাতে ভার দেওয়া হলে ব্যারেজের উদ্বৃত্ত কর্মী সমস্যারও সমাধান সহজ হবে। এসব কথাবার্তার পরিপ্রেক্ষিতে জল বিদ্যুৎ প্রকল্পের ছাড়পত্র দেওয়া হয়েছে এবং ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষই এই ভার পাবেন বলে আশা করা যায়।

## শ্রমিক স্ত্রীর শ্লীলতাহানির অভিযোগে ভাটার মালিক গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ : স্থানীয় থানার বৈকুণ্ঠপুর ইঁট ভাটার মালিক মনটু বিশ্বাসকে পুলিশ গত ২০ ফেব্রুয়ারী তাঁর বাড়ি থেকে গ্রেপ্তার করে। খবর মনটু বিশ্বাসের ইট ভাটার শ্রমিক সর্দার বিহারের শঙ্কর দাসের স্ত্রী সুনীতা (১৭) পুলিশের কাছে মনটুর বিরুদ্ধে তাঁর শ্লীলতাহানির অভিযোগ আনেন। তিনি জানান তাঁর স্বামীর অনুপস্থিতির সুযোগে গত ১৮ ফেব্রুয়ারী তাঁদের ডেরায় ঢুকে তাঁর শ্লীলতাহানির চেষ্টা করে। আরোও জানা যায় মনটু বিশ্বাসের জামিনে তদ্বিরে এগিয়ে আসেন স্থানীয় কংগ্রেস নেতারা। কিন্তু তা সত্ত্বেও মনটুর জামিন অগ্রাহ্য করেন জঙ্গিপুর কোর্টের এস, ডি, জে, এম। পরে বহরমপুর জজ কোর্ট থেকে তাঁর জামিন মঞ্জুর হয়।

## ব্যাঙ্কগুলিতে পাঁচদিনে সপ্তাহ চালু

রঘুনাথগঞ্জ : ব্যাঙ্কগুলিতে পাঁচ দিনে সপ্তাহ চালু হওয়ার নির্দেশ এসেছে বলে খবর। সরকারী নির্দেশে জানানো হয়েছে প্রতিটি ব্যাঙ্ক রবি ও বৃহস্পতিবার বন্ধ থাকবে। এবং বাকী ৫ দিন প্রত্যহ সকাল ৯-৩০ মিঃ থেকে বিকেল ৫-৩০ মিঃ ব্যাঙ্কের কাজ কারবার চলবে। এই সিদ্ধান্ত অবিলম্বে চালু করতে বলা হয়েছে বলে জানা যায়। তেল সংকট রুখতে এবং গ্রাহকদের সুবিধার জন্যই নাকি এই ব্যবস্থা চালু করা হচ্ছে।

## মহকুমার ছেলে দৌড়ে রেকর্ড ভাঙ্গলো

জঙ্গিপুর : গত ২০ এবং ২১ ফেব্রুয়ারী দুর্গাপুরে নেহরু ষ্টেডিয়ামে রাজ্যের প্রাথমিক বিদ্যালয়সমূহের অষ্টম বার্ষিক দৌড়ঝাঁপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় স্থানীয় জোতকমল নব তরুণ সংঘের সভ্য মিহিরকুমার দাস খ বিভাগের বিগত পাঁচ বছরের রেকর্ড ভেঙ্গে ১৩.৬ সেকেণ্ডে ১০০ মিঃ দৌড়ে প্রথম স্থান পান। ক্লাবের পক্ষ থেকেও মিহিরকে গত ২৪ ফেব্রুয়ারী ক্লাবের ২য় বার্ষিকী দৌড়ঝাঁপ প্রতিযোগিতার শেষে বিশেষ সম্বর্ধনা জানানো হয় ও পুরস্কার দেওয়া হয়।

## শিকারীদের হাতে বিদেশী পাখী নিধন

আহিরণ : সুতী থানার স্থানীয় বিলে শীতে প্রচুর পাখী জড়ো হয়। সাদা কালো বিভিন্ন পাখীর সমারোহে আর কলকাকলীতে মুখরিত হয়ে উঠে এ অঞ্চল। সম্প্রতি পাখীদের এই সুখের আসরে শিকারীর তাণ্ডব বেড়েছে। বন্দুকধারীদের অত্যাচারে দৈনিক শত শত পাখীর মৃত্যু ঘটছে। বিলের (৫ম পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১৪ই ফাল্গুন বুধবার ১৩৯৭ সাল

## ঘাটের পাওনা

শব-সৎকারে যাঁহাদের দাহ করিবার ব্যবস্থা আছে, 'ঘাট-খরচা' তাঁহাদের ক্ষেত্রে একটি অবশ্য পালনীয় নিয়ম। শব-সৎকারের জন্য দাহ-ঘাটের ইজারাদারকে আইন মোতাবেক পাওনা মিটাইয়া দিতে হয়। দাহ করিবার চুল্লী বা ঝল যাঁহারা ঠিকঠাক করিয়া দেন তাঁহারাও কিছু প্রাপ্য পাইয়া থাকেন। ইঁহাদের পাওনা কেহ দিতে অস্বীকৃত হন না। ঠিক তেমনি খেয়া পারাপারকারীর প্রাপ্য মিটাইয়া দেওয়া অবশ্য কর্তব্য। ইহা সর্বধর্মেই স্বীকৃত। ব্যবসায়িক ভিত্তিতে যাঁহারা খেয়াঘাটের ইজারা লইয়া থাকেন, তাঁহারা দেয় টাকা মিটাইয়া দিতে গড়িমসি করিবেন ইহা বরদাস্ত করা যায় না। আর যে সংস্থার নিকট হইতে খেয়াঘাট ইজারা লওয়া হইয়া থাকে, পাওনা টাকার জন্য সেই সংস্থা কালক্ষেপ করিতে থাকিবে তাহাও বাঞ্ছনীয় নহে।

খবরে জানা গিয়াছে যে, জঙ্গিপুর পুরসভার ফেরীঘাট দুইটি (গাড়ীঘাট ও সদরঘাট) ১৯৯০-৯১ আর্থিক বৎসরে ৮ লক্ষ ১ হাজার ১ শত ১ টাকায় ডাক হয়। ডাকের সময় আড়াই লক্ষ টাকা ইজারাদার জমা দেন। তাহার পর আর কোন টাকা জমা না দেওয়ার জন্য এবং পুরসভার নির্দেশমত কাজ না করিবার জন্য গত নভেম্বর মাসে ঘাট দুইটি খাস করা হইলে ইজারাদার ৩ লক্ষ টাকা জমা দিয়া ডিসেম্বরের মধ্যে বাকি টাকা দেওয়ার প্রতিশ্রুতিতে ঘাট দুইটি ফেরৎ পান। জানা গিয়াছে যে, তিনি ২ লক্ষ টাকা জমা দিয়াছেন এবং শীঘ্রই বাকি টাকা দিবেন বলিয়াছেন।

কিন্তু আগামী মার্চ মাসে ঘাটের ইজারা শেষ হইবার কথা। পুরসভাকে বকেয়া পাওনা মিটান হয় নাই বলিয়া জানা গিয়াছে। পুরসভার প্রাপ্য পরিশোধ না করায় পুরসভার পক্ষ হইতে কি ব্যবস্থা লওয়া হইয়াছে, তাহা আমাদের জানা নাই। পূর্বের ন্যায় এখন যদি আবার ঘাট দুইটি খাস করিবার ব্যবস্থা করা হয়, তাহাতে ইজারাদারের সম্ভবতঃ কিছু যায় আসে না। কেন না, ইতিমধ্যেই তাঁহার আসল খরচ উসুল হইয়া যথেষ্ট লাভ মিলিয়াছে। অতএব তিনি নিশ্চিন্ত। কিন্তু হিসাব অনুযায়ী পুরসভার এখনও ৩ লক্ষ ৫১ হাজার ১ শত ১ টাকা অনাদায়ী যদি থাকে, তবে পুরসভা ক্ষতিগ্রস্ত হইবে এবং তাহার জন্য উভয় পক্ষই সমানভাবে দায়ী।

প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, ঘাট ডাকের পর ইজারাদারের সঙ্গে চুক্তি লইয়া রেজিস্ট্রিকৃত দলিল সম্পাদিত হয়। এই বৎসরের ডাকে তাহা হয় নাই বলিয়া শুনা গেল। সব কাজই মৌখিকভাবে নাকি চলিয়াছে। ইহা একান্ত অবিধেয়। পুরসভায় সংখ্যাগরিষ্ঠ পক্ষ যদি সেই ভূমিকা লইয়া থাকেন, বিরোধীপক্ষ তাহার বিরোধিতায় সোচ্চার হইবেন এবং পুর নাগরিকদের প্রকৃত চিত্র জ্ঞাত করিবেন ইহাই কাম্য।

আমরা পুরনাগরিকদের পক্ষ হইতে প্রকৃত তথ্য জানাইবার জন্য পুরবোর্ডকে অনুরোধ করিতেছি।

## ভিন্নচোখে

'দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া'
একটি ধানের শীষের উপর একটি শিশিরবিন্দু।

এ মানসিকতা শুধু কবির নয়। এ চেতনা সর্বকালীন। আমাদের চোখে দেখা ঘেঁটুফুল, সরষে ক্ষেত, বাঁশের ঝাড়, কলমীলতা অর্থাৎ যেগুলি অবভাসিক জগতের বস্তু সেগুলি আমাদের মনে সেরূপ দাগ কাটে না। আবার এই সমস্ত অবভাসিক বস্তু যখন স্বচ্ছন্দভাবে কোন প্রতিষ্ঠিত কবির অথবা কথাসাহিত্যিকের লেখনীতে প্রাণ পায়, সেগুলি তখন চিত্রকল্প হয়ে ওঠে।

এই রকম একটি শিশির বিন্দুর মতই উজ্জ্বলপ্রভ হলেন ঘরের দুয়ারের পাশের শ্রদ্ধেয় ব্যক্তিত্ব শ্রীশরৎচন্দ্র পণ্ডিত। সংস্কৃতির প্রাণকেন্দ্র কলকাতা মহানগরীর তিনশত বৎসর পূর্তি উৎসবে তিনি যথোচিত মহিমায় স্থান পান। তাঁর কীর্তিকে সম্মান জানানো হয়। অথচ দুর্ভাগ্যের বিষয় তাঁর শৈশব বাল্য ও কৈশোরের লীলাক্ষেত্র তথা জীবন সংগ্রামের বিচরণক্ষেত্র এই মহকুমা শহরে তাঁর অবস্থা অবনঠাকুরের দুয়োরাণীর মত। এখানের সমাজ ও সংস্কৃতির সাথে সংযুক্ত হোমরা চোমরা ব্যক্তিরা একদিন তাঁকে যেভাবে সম্মান জানানোর পরিকল্পিত উদ্যোগ নিয়েছিলেন, আজ সেই উদ্যোগের আগুন নির্বাপিত। মৃন্ময় দাদাঠাকুর এখনও মৃৎশিল্পীর শিল্পঘরে। নিজের দেশে কবে ফেরেন সেই অপেক্ষায়। মুখে যেন অসহায়তার ছাপ। সম্প্রতি এই শহরের বাইরে দাদাঠাকুর পল্লীর উদ্বোধন হয়ে গেল। সেই পল্লীবাসী দেশের এই বরেণ্য সন্তানটিকে যোগ্য মর্যাদা দিতে দৃঢ়সংকল্পবদ্ধ। বড়ই এক সাধু প্রয়াস। এই প্রজন্ম এই সাধু প্রয়াসের বাস্তব রূপায়ণের জন্য উন্মুখ দৃষ্টি হয়ে আছে।

—মণি সেন

## বিদ্যুৎ সমস্যা দূর করতে ব্যবস্থা নেওয়া হলো

জঙ্গিপুর, ১৯ ফেব্রুয়ারী : জঙ্গিপুরবাসী স্থানীয় এলাকার বিদ্যুৎ সরবরাহ ঠিক রাখতে বিগত ১৯৮৯ সাল থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ দাবি নিয়ে আন্দোলন পরিচালনা করছিলেন। সমস্যাগুলির মধ্যে ১৯৫৭ সালের পর কোন সময় এল টি লাইন পরিবর্তন হয়নি। কিন্তু পাশাপাশি মানুষের মধ্যে বিদ্যুৎ চাহিদা বাড়ছে, ক্ষুদ্র শিল্প বাড়ছে, ফলে এল টি লাইনের বিদ্যুৎ সরবরাহের শক্তি হ্রাস পাচ্ছে। সেই কারণে দ্রুত এল টি লাইন পরিবর্তন প্রয়োজন। বিভিন্ন সময়ে জঙ্গিপুরের পাড়ে বৈদ্যুতিক গোলযোগ হয়, লোডশেডিং হয়। বিশেষতঃ কি বিষয়ে জঙ্গিপুর পাড়ের বিদ্যুৎ ব্যবস্থা অচল হয়ে পড়ে তা উমরপুর পাওয়ার ষ্টেশন থেকে জানবার কোন বিকল্প ব্যবস্থা না থাকায় বিদ্যুৎ কর্মীদের হেনস্থা হতে হয়। সেই কারণে, বিষয়টি সমাধানের জন্য কল সেন্টারে টেলিফোন ব্যবস্থা চালু প্রয়োজন। দীর্ঘদিন বৈদ্যুতিক খুঁটিগুলির পরিবর্তন হয়নি। তার মধ্যে ৬৬টি খুঁটির অবস্থা বিপদজনক। সেই কারণে খুঁটিগুলির দ্রুত পরিবর্তন প্রয়োজন। বিভিন্ন ধরনের গ্রাহক বেড়ে যাওয়ায় এবং সাহেববাজারের (সিদ্ধেশ্বরীতলার) ট্রান্সফর্মার ছাড়া ফুলবাড়ী পর্যন্ত মধ্যবর্তী স্থানে কোন ট্রান্সফর্মার নাই। ফলে এই এলাকায় সন্ধ্যার দিকে ভোল্টেজ থাকে না। সেই কারণে মধ্যবর্তী স্থান হিসাবে মহাবীরতলা এলাকার সেচ দপ্তরের ক্যাম্পাসে আণ্ডার গ্রাউণ্ড কানেকশন করে ট্রান্সফর্মার বসানো প্রয়োজন। এই সমস্যা সমাধানে জেলা বিদ্যুৎ কর্তৃপক্ষ (ডি ই ও এ্যাণ্ড এম) গত ১৮-২-৯১ স্থানীয় বিদ্যুৎ কর্তৃপক্ষের (এস এম) কাছে এল টি লাইন পরিবর্তন, ৬৬টি খুঁটি পরিবর্তন ও কল সেন্টারে টেলিফোন প্রভৃতি অনুমোদন করেছেন। বর্তমানে জঙ্গিপুর পাড়ের জনসাধারণ আশা রাখে উল্লিখিত অনুমোদিত দাবিগুলি স্থানীয় বিদ্যুৎ দপ্তরের পক্ষ থেকে তৎপরতার সঙ্গে আগামী বর্ষা শুরুর আগেই শেষ হবে। এছাড়াও মহাবীরতলা এলাকায় নতুন ট্রান্সফর্মার বসানোর বিষয়টিও জেলা বিদ্যুৎ দপ্তরের বিবেচনাধীন আছে। গ্রাহকদের সুবিধার্থে কাশিয়াডাঙ্গা ও মিঠিপুর এলাকায় কলসেন্টারও অনুমোদনের পথে।

জলাশয় বিক্রী

রঘুনাথগঞ্জ এফ, সি, আই গোডাউনের সন্নিকটে সদর রাস্তার উপর প্রায় ১০ কাঠা জলাশয় বিক্রী আছে। যোগাযোগ করুন—

সুকুমার চন্দ
(উল ভাণ্ডার)
রঘুনাথগঞ্জ, গোডাউন রোড

## গৃহবধূকে হত্যার অপচেষ্টা

জঙ্গিপুর ঃ গত ১৯ ফেব্রুয়ারী সকালের দিকে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সম্মতিনগর তালতলা পল্লীর গৃহবধূ চন্দনা সরকার (৩০) নামে দুই সন্তানের জননীকে শ্বশুর বাড়ীর লোকেরা হত্যার চেষ্টা করে। চন্দনার বাবা সিদ্ধেশ্বর কর্মকার অভিযোগ করেন জমিজায়গা নিয়ে চন্দনার স্বামী অখিলের সঙ্গে দাদা মদন ও সুদনের মন কষাকষি হয়। ঘটনার দিন সকালে চন্দনা বাড়ীর উঠোনে বড়ি দিচ্ছিলেন। সেই সময় তাঁর পিসতুত দেওর প্রাণবল্লভ ও তাঁর মা পেছন থেকে চন্দনাকে ধরে মাথায় নাইট্রিক এ্যাসিড ঢেলে দেয়। চন্দনাকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ ঐ দিন ঘটনাস্থলে পৌঁছোবার আগেই আসামীরা গা ঢাকা দেয়। এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

## ট্রেনের চাকার তলায় আত্মহত্যা

রঘুনাথগঞ্জ ঃ গত ২১ ফেব্রুয়ারী স্থানীয় বাজারপাড়ার সুনীল চ্যাটার্জী (২৪) নামে জনৈক যুবক রাতে ট্রেনের তলায় আত্মহত্যা করে। খবর বেকার ঐ যুবকের সঙ্গে বাড়ীর লোকেদের মনোমালিন্য এই আত্মহত্যার কারণ।

## সাদ্দাম হোসেনের সমর্থনে মিছিল

জঙ্গিপুর ঃ সম্প্রতি উপসাগরীয় যুদ্ধের ঢেউ এসে প্রত্যন্ত গ্রামাঞ্চলে আছড়ে পড়েছে বলে খবর। সম্মতিনগরের বুকে ইরাকী প্রেসিডেণ্ট সাদ্দামের সমর্থনে এক মিছিল সাদ্দাম হোসেনের ছবিসহ পথ পরিক্রমা করে। সাদ্দামের সমর্থনে মুসলীমদের এক হুবার ডাকও দেওয়া হয় ঐ মিছিলে।

## বিভিন্ন দাবীর ভিত্তিতে অবস্থান

ফরাক্কা ঃ গত ২১ ফেব্রুয়ারী কেন্দ্রীয় কর্মী কো-অর্ডিনেশন কমিটির পরিচালনায় ৭ দফা দাবীর ভিত্তিতে সকাল ৬টা থেকে সন্ধ্যা ৭টা পর্য্যন্ত জি এম অফিসের সামনে বিক্ষোভ অবস্থান চলে। দাবীপত্র সম্বলিত কার্ড জামায় লাগিয়ে কর্মীরা বিক্ষোভে যোগ দেন। দাবীগুলির মধ্যে প্রধান ছিল—১৮৯ জন অস্থায়ী কর্মীকে স্থায়ীকরণ। জলবিদ্যুৎ প্রকল্পের ভার ফরাক্কা ব্যারেজকে দেওয়া। হাসপাতাল ও স্কুলের অচল অবস্থা দূর করা এবং ৮'৩৩% ব্যারেজ ভাতা প্রদান।

## লরি উলটিয়ে চালক জখম

রঘুনাথগঞ্জ ঃ গত ২৪ ফেব্রুয়ারী এই থানার দাসপাড়ার কাছে ৩৪নং জাতীয় সড়কে কলকাতাগামী একটি লরি পালটি খায়। খবর গাড়ীটি শিলিগুড়ি থেকে ইউরিয়া সারের বস্তা নিয়ে কলকাতা যাচ্ছিল। ঘটনাস্থলে ড্রাইভার নিয়ন্ত্রণ হারালে লরিটি পালটি খায় ও চালক জখম হয়। এই সুযোগে সিদ্ধিকালীর কিছু দুষ্কৃতী সার বোঝায় বস্তা নিয়ে সরে পড়ে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে ১২ জন লোককে গ্রেপ্তার করে ও ১৫ বস্তা সার উদ্ধার করে।

## ছাত্রীর প্রতি অশালীন আচরণে গ্রেপ্তার

জঙ্গিপুর ঃ গত ১১ ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ ২নং ব্লকের গোকুরপুর হাই মাদ্রাসার ছাত্রী মোসাম্মৎ রেশমা খাতুনের (১৪) সঙ্গে অশালীন আচরণের অভিযোগে পুলিশ ঐ গ্রামের আজাহারুল সেখকে গ্রেপ্তার করে। এই গ্রেপ্তারকে নিয়ে রাজনৈতিক খেয়োখেয়ি শুরু হয়েছে বলে খবর। রেশমার পক্ষ নিয়েছে স্থানীয় সি পি এম এবং আজাহারুলের পক্ষে সি পি আই তদ্বির তদারক চালাচ্ছে।

## ডাকাত ধরতে গিয়ে সংঘর্ষ

ধুলিয়ান ঃ গত ৫ ফেব্রুয়ারী সামসেরগঞ্জ থানার মেজবাবু ও ছোটবাবু কয়েকজন সাদা পোষাকের হোমগার্ড নিয়ে চকসাপুরের এক ডাকাতকে ধরতে গেলে সংঘর্ষ বাধে। খবর পুলিশ কুখ্যাত মজিবুরকে গ্রেপ্তার করে নিয়ে আসার সময় মজিবুরের সহযোগিরা বোমা, পিস্তল, পাইপগান নিয়ে পুলিশকে আক্রমণ করে ও মজিবুরকে ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। সশস্ত্র পুলিশ পরে সেই রাতেই ঐ গ্রামে চরাও হয়ে একজন দুষ্কৃতিকে আটক করে। অন্যরা পালিয়ে যায়। মজিবুরকে পাওয়া যায়নি। গ্রামের অবস্থা থমথমে।

## এক সঙ্গে তিন কন্যার জন্ম দিলেন মা

রঘুনাথগঞ্জ ঃ গত ১১ ফেব্রুয়ারী জঙ্গিপুর মহকুমা হাসপাতালে সন্ধ্যানি দাস নামে জনৈকা মা এক সাথে তিন কন্যার জন্ম দেন। বর্তমানে মা ও কন্যা তিনটিই সুস্থ আছে বলে হাসপাতাল সূত্রে জানা যায়। দুটি শিশু কন্যার ওজন দেড় কিলো ও তৃতীয়টির এক কিলো।

## এল ডাব্লু এসের ধাত্রী প্রশিক্ষণ শিবির

সাগরদীঘি ঃ গত ১৮ থেকে ২১ ফেব্রুয়ারী স্থানীয় ব্লকের বিষ্ণুপুর গ্রামে লুথারেন ওয়ার্ল্ড সার্ভিসের পরিচালনায় একটি ধাত্রী প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ব্লকের গ্রামগুলি থেকে বেশ কয়েকজন দাইমা যোগ দেন। ঐ প্রকল্পের উদ্দেশ্য ছিল ১৯৮৮ তে শিক্ষণপ্রাপ্ত দাইমাদের মুখ থেকে তাঁরা কি কি অসুবিধায় পড়ছেন এবং সে সম্বন্ধে পুনরায় সঠিক শিক্ষণের ব্যবস্থা করা। প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন কলকাতার ডাঃ রজত দাস, ডাঃ এস কে রায়, ডাঃ মিসেস এস চক্রবর্তী, ডাঃ মিসেস বি রায় এবং ডাঃ মিসেস এস কুণ্ডু প্রমুখ। শিক্ষণের শেষ দিনে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শক্তিপদ মণ্ডল দাইমাদের সন্তান প্রসব করাবার পূর্বে সুষ্ঠু পরিবেশ ও পরিচ্ছন্নতা রক্ষার উপদেশ দেন। প্রশিক্ষণ সম্বন্ধে বলতে গিয়ে চামগুা গ্রামের ভারতী রবিদাস ও দোহাল গ্রামের যোগমায়া দাসী আমাদের প্রতিনিধিকে জানান এই প্রশিক্ষণ তাঁদের কাজ করার প্রেরণা বাড়িয়েছে এবং যথেষ্ট জ্ঞানলাভের সুযোগ দিয়েছে। প্রশিক্ষণ শেষে প্রকল্পের ডেপুটি প্রোগ্রাম কো-অর্ডিনেটার অনুপ বিশ্বাস শিক্ষক, শিক্ষার্থী এবং উপস্থিত ব্যক্তিবর্গকে লুথারেনের পক্ষ থেকে ধন্যবাদ জানান।

## রক্তের অভাবে রোগী সঙ্কটে

রঘুনাথগঞ্জ ঃ স্থানীয় হাসপাতালে রক্ত না থাকায় অপারেশন করা সম্ভব হচ্ছে না বলে জনৈক রোগীর আত্মীয়রা জানান। তাঁরা বলেন বহু চেষ্টা করে বহরমপুর থেকে হাসপাতালে রক্ত পাঠাতে রাজী করান এবং সেই অনুযায়ী বহরমপুর হাসপাতাল থেকে রক্তও আসে। কিন্তু ডাক্তাররা দেখেন এক গ্রুপের রক্তের পরিবর্তে অন্য গ্রুপের রক্ত পাঠানো হয়েছে।


# মুর্শিদাবাদ জিলা পরিষদ

## বহরমপুর

### নারকেল সীডস্ সরবরাহ বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জিলা পরিষদ পঞ্চাশ হাজার ইষ্টকোষ্ট ভ্যারাইটির (১″—১২″ অঙ্কুরিত) ভাল নারকেল সীডস্ সরবরাহের জন্য প্রকৃত সরবরাহকারীদের নিকট থেকে সীলকরা দরপত্র আহবান করছে।

বিস্তারিত বিবরণের জন্য ৮-৩-৯১ তারিখের মধ্যে প্রশংসাপত্র, S.T.I.T. এবং P. Tax ছাড়পত্রসহ যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

২০-২-৯১

জ্যোতির্ময় চক্রবর্তী
জেলা বাস্তকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

মেমো নং ১৫১১ (ই এন এস) তাং ২০-২-৯১

## মুর্শিদাবাদ জিলা পরিষদ

### বহরমপুর

# বি জ্ঞ প্তি

মুর্শিদাবাদ জিলা পরিষদের বাৎসরিক ( ১৯৯১-৯২ ) নিম্নে-বর্ণিত ফেরীঘাটগুলি নিম্নলিখিত স্থান তারিখ এবং সময়ে প্রকাশ্য নিলাম ডাকে অস্থায়ী বন্দোবস্ত দেওয়া হইবে। নিলাম ডাকের পূর্বে ঘাটের পার্শ্বে লিখিত আমানতের টাকা একজিকিউটিভ অফিসার, মুর্শিদাবাদ জিলা পরিষদের নামে ব্যাঙ্ক ড্রাফট কোন ব্যাঙ্ক হইতে খরিদ করিয়া নিলাম স্থানে নিলামের পূর্বে জমা দিতে হইবে।

| গুজারঘাটের নাম | আমানত |
|---|---|
| ১। গোরাবাজার | ৭৫০·০০ |
| ২। হালালপুর | ১২৫·০০ |
| ৩। সাটুই ভগবানবাটী | ৭৫০·০০ |
| ৪। পিলখানা | ১৫৬·০০ |
| ৫। সাটুই | ৪,০০০·০০ |
| ৬। জালালপুর | ১,২৫০·০০ |
| ৭। দফরপুর ( রঘুনাথগঞ্জ ) | ২৬,৩২৫·০০ |

নিলাম স্থান : মুর্শিদাবাদ জিলা পরিষদ অফিস, বহরমপুর

তারিখ : ৫-৩-৯১ ( মঙ্গলবার )

সময় : বেলা ১২ ঘটিকা

বিস্তারিত বিবরণ

পাইবার স্থান : মুর্শিদাবাদ জিলা পরিষদ অফিস, বহরমপুর

১৪-২-৯১

জে, এম, চক্রবর্তী
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

---

## মুর্শিদাবাদ জিলা পরিষদ

### বহরমপুর

# বি জ্ঞ প্তি

| গুজারঘাটের নাম | আমানত |
|---|---|
| ১। রাণীনগর কাশিয়াডাঙ্গা | ৪,০০০·০০ |
| ২। রাতুরী বাঘা | ৪,১৬২·০০ |
| ৩। খড়খড়ি গদাইপুর | ৩২৫·০০ |
| ৪। আখুয়া ( বর্ষাতি ) | ৩৮৭·০০ |

নিলাম স্থান : রঘুনাথগঞ্জ জিলা পরিষদ, ডাকবাংলো

তারিখ : ৬-৩-৯১ ( বুধবার )

সময় : বেলা ২ ঘটিকা

বিস্তারিত বিবরণ

পাইবার স্থান : মুর্শিদাবাদ জিলা পরিষদ অফিস, বহরমপুর

১৪-২-৯১

জে, এম, চক্রবর্তী
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

---

## মুর্শিদাবাদ জিলা পরিষদ

### বহরমপুর

# বি জ্ঞ প্তি

| গুজারঘাটের নাম | আমানত |
|---|---|
| ১। হুড়শী মরিচা ( বর্ষাতি ) | ৬০০·০০ |
| ২। সীতেশনগর | ১০,০০০·০০ |
| ৩। উপলাই খড়িকাপুর | ২,০০০·০০ |
| ৪। তেজরাইপুর | ৫,০২৫·০০ |
| ৫। গাদী | ৯২৫·০০ |
| ৬। বালিয়া শ্যামপুর | ৩,১১২·০০ |
| ৭। ভৈরবপুর তেঁতুলতলা | ৫৮·০০ |
| ৮। পীরোজপুর | ২,৫০০·০০ |
| ৯। হরিরামপুর | ৭,০৭৫·০০ |
| ১০। কাতলামারী বুধরপাড়া | ৪,০০০·০০ |

নিলাম স্থান : লালবাগ জিলা পরিষদ অফিস, নিউপ্যালেস

তারিখ : ৭-৩-৯১ ( বৃহস্পতিবার )

সময় : বেলা ১২টা

বিস্তারিত বিবরণ

পাইবার স্থান : মুর্শিদাবাদ জিলা পরিষদ অফিস, বহরমপুর

১৪-২-৯১

জে, এম, চক্রবর্তী
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

---

## মুর্শিদাবাদ জিলা পরিষদ

### বহরমপুর

# বি জ্ঞ প্তি

| গুজারঘাটের নাম | আমানত |
|---|---|
| ১। তারাপুর | ১,২৫০·০০ |

নিলাম স্থান : কান্দী জিলা পরিষদ ডাকবাংলো

তারিখ : ৮-৩-৯১ ( শুক্রবার )

সময় : বেলা ২টা ৩০ মিনিট

বিস্তারিত বিবরণ

পাইবার স্থান : মুর্শিদাবাদ জিলা পরিষদ অফিস, বহরমপুর

১৪-২-৯১

জে, এম, চক্রবর্তী
জেলা বাস্তুকার
মুর্শিদাবাদ জিলা পরিষদ

## বি জে পি লেবার সেলের জনসভা

নবারুণ পয়েন্ট : সম্প্রতি ফরাক্কা বৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রে বি জে পি পরিচালিত লেবার সেলের এক জনসভা টাউন শিপের গেটের কাছে অনুষ্ঠিত হয়। ৮ দফা দাবী নিয়ে বি জে পির লেবার সেল বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষোভ সভায় সাংসদ জনার্দন যাদব, বি জে পির পঃ বঙ্গের সহসভাপতি ডঃ ধনঞ্জয় দাস, ডাঃ অজিত মৈত্র, বিহারের বিধায়ক বেণীপ্রসাদ গুপ্ত, কলিকাতা হাইকোর্টের এ্যাডভোকেট তাপস চ্যাটার্জী, জেলা সভাপতি প্রণব বন্দ্যোপাধ্যায়, তপন সিকদার, যোগেন্দ্রপ্রসাদ সিংহ, চিত্ত মুখার্জী, আশিষ ঘোষাল, ষষ্ঠী ঘোষ, ঝানু রেউতি প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দ তাঁদের ভাষণে বলেন সরকারী নিয়মানুসারে মজুরী না দিলে কয়লা আনা বন্ধ করে দেওয়া হবে। শ্রমিকদের ন্যায্য মজুরীর আন্দোলন আজ করতে হচ্ছে এই পঃ বঙ্গে ফ্রন্ট শাসনের আমলেও এটা লজ্জার কথা। তাঁদের ৮ দফা দাবীর মধ্যে প্রধান দাবী ছিল প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারের একজনকে চাকরী দিতে হবে, একটি পূর্ণাঙ্গ হাসপাতাল ও টেকনিক্যাল কলেজ স্থাপন করতে হবে। জরুরী সংস্থাগুলি কনট্রাকটরদের হাত থেকে কেড়ে নিয়ে এন টি পি সির নিজস্ব কর্তৃত্বে নিতে হবে। একই ব্যক্তির বিভিন্ন নামে বিভিন্ন সংস্থায় ঠিকাদারী কাজ করার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সিটুর সঙ্গে এগ্রিমেন্ট করে শ্রমিক শোষণ বন্ধ করতে হবে ইত্যাদি। নেতারা জনসভা ও বিক্ষোভ সমাবেশ শেষে এন টি পি সির কর্তৃপক্ষের হাতে স্মারকপত্র তুলে দেন।

## স্কুল কমিটির নির্ব্বাচন হলো

বাড়ালা : স্থানীয় রামদাস সেন হাই স্কুলে অভিভাবক শ্রেণী থেকে ৪ জন প্রতিনিধির নির্বাচন পর্ব গত ২৪ ফেব্রুয়ারী শেষ হলো। মোট ৮ জন প্রার্থীর মধ্যে নুর ইসলাম, জিকিরিয়া সেখ, সলিলকুমার ব্যানার্জী ও মনিরুদ্দিন বিপুল ভোটের ব্যবধানে নির্বাচিত হন।

## বিদেশী পাখী নিধন

(১ম পাতার পর)

কালো জল রক্তে লাল হয়ে উঠছে। এর সঙ্গে শুরু হয়েছে জ্যান্ত পাখী ধরার ব্যবসা। এসব পাখী উমরপুর, মিঞাপুর, রঘুনাথগঞ্জ ফুলতলায় ৩০/৪০ টাকায় বিক্রি হচ্ছে। বিলটি বন বিভাগের দায়িত্বে থাকা সত্ত্বেও নির্বিচারে পাখী হত্যা বা ধরা কিভাবে চলছে স্থানীয় মানুষ বুঝতে পারছেন না। তবে কি মহকুমার বনদপ্তর জেগে ঘুমোচ্ছেন ?

## যে তিমিরে সে তিমিরে

(১ম পাতার পর)

বলে জানা যায়। আরো জানা যায় এখানে মহকুমা শাসকের নিজেরই কোন কোয়ার্টার নেই। যে কোয়ার্টারে রয়েছেন সেটি সুপারিনটেনডেন্ট অফ জঙ্গিপুর সাব জেলের পদাধিকার বলে তিনি ভোগ করছেন, মহকুমা শাসক হিসাবে নয়।


ইষ্ট ইণ্ডিয়া টেকনিক্যাল এ্যাণ্ড কমার্সিয়াল সার্ভে ইনষ্টিটিউশন এর তত্ত্বাবধানে

**ছয় মাসের বৃত্তিমূলক সার্ভে প্রশিক্ষণ শিবির**

উদ্বোধন : ২৩শে মার্চ্চ, ১৯৯১
স্থান : জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসা
ভর্তির সময় : ১লা থেকে ৩রা মার্চ, ১৯৯১
সকাল ৭-৩০ মিঃ থেকে ১০-৩০ মিঃ
ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : অষ্টম শ্রেণী উত্তীর্ণ।
ছয় মাসে মোট খরচ—২৪০ টাকা। ভর্তি কালীন ৫০ টাকা প্রদেয়।

অবিলম্বে হাই মাদ্রাসায় যোগাযোগ করুন।


দূর আলাপনী—রঘুনাথগঞ্জ-৩১

## জঙ্গিপুর পৌরসভা কার্যালয়

পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ

## ১৯৯১-৯২ সালের জন্য পৌরসভার ফেরীঘাট ইজারার নোটীশ ও নিয়মাবলী

এতদ্দ্বারা নিলাম ডাকেচ্ছু ব্যক্তিগণকে জানানো যাইতেছে যে, জঙ্গিপুর পৌরসভার রঘুনাথগঞ্জ সদর ফেরীঘাট এবং এনায়েতনগর ডোমপাড়া গাড়ীঘাট দুইটি একত্রে আগামী ১৯৯১-৯২ সালের জন্য (১৯৯১ সালের ১লা এপ্রিল হইতে ১৯৯২ সালের ৩১শে মার্চ পর্যন্ত এক বৎসরের জন্য) আগামী ১১-৩-৯১ (সোমবার) বেলা দুই ঘটিকায় পৌরসভার অফিসে প্রকাশ্য নিলাম ডাকে পৌরসভার কর্তৃপক্ষগণ কর্তৃক ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে।

১) নিলামের দফাওয়ারী বিশদ শর্তাবলী নিলাম ইস্তাহারে এবং পৌর অফিসে দেখিতে পাওয়া যাইবে।

২) তথাপি সংক্ষেপে জানানো যায়, যে ব্যক্তি পূর্ব ইজারার টাকা পরিশোধ করেন নাই বা যথারীতি কবুলিয়ত সম্পাদন ও রেজিষ্ট্রি করে দেন নাই, ডাক কর্তৃপক্ষগণ তাঁহাকে ডাক করিবার অনুমতি না দিতে বা ডাক করিলে তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

৩) আর্থিক সচ্ছলতার নিদর্শন ডাকেচ্ছু ব্যক্তিগণকে স্থাবর-অস্থাবর সম্পত্তির দলিলাদির কাগজপত্র দাখিল করিতে হইবে, নচেৎ ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন না।

৪) উপরোক্ত দুইটি ফেরীঘাট একত্রে ডাক করা ও বন্দোবস্ত দেওয়া হইবে। ডাকে যোগ দিতে যোগ্য ব্যক্তিকে উক্ত ফেরীঘাটদ্বয় ইজারার জন্য একত্রে ২০,০০০ (কুড়ি হাজার টাকা) আমানত জমা (আরনেষ্ট বা টেবিলমানি) জমা দিতে হইবে। ডাক চূড়ান্ত হওয়ার পর যথা নিয়মে ফেরৎ দেওয়া হইবে।

৫) যাহার ডাক মঞ্জুর হইবে তাহাকে ডাক মঞ্জুরীর টাকার ১/৪ ভাগ তৎক্ষণাৎ জমা দিতে হইবে। ঐ টাকা সিকিউরিটি হিসাবে জমা থাকিবে। ডাকের পুরো টাকা মাসিক সমান কিস্তিতে এপ্রিল ১৯৯১ হইতে সেপ্টেম্বর ১৯৯১ মধ্যে পরিশোধ করিতে হইবে। আর সিকিউরিটির টাকা শেষ কিস্তিতে এ্যাডজাষ্ট (মিনাহ) করিতে পারিবেন।

৬) দফাওয়ারী শর্তাবলী ও নিয়মাবলী নিলাম ইস্তাহারে ও পারানীর মাশুলের তালিকা পৌরসভা অফিসে দেখিয়া লইয়া এবং সেমতভাবে রাজি হইলে তবে ডাকে অংশগ্রহণ করিবেন।

* ডাকের স্থান : মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমা সদর শহরে অবস্থিত জঙ্গিপুর পৌর অফিস।

ডাকের তারিখ ও সময় : ১১-৩-৯১ (সোমবার) ১৯৯১ সাল বেলা ২ ঘটিকায়।

মৃগাঙ্ক ভট্টাচার্য
পৌরপতি
জঙ্গিপুর পৌরসভা

## আর এস পির সমর্থক খুন

আহিরণ ঃ গত ১৮ ফেব্রুয়ারী সুতী থানার মালোপাড়া গ্রামে কয়েকজন দুষ্কৃতীর আক্রমণে আর এস পির সমর্থক আলতাব হোসেন মহালদার খুন হন। পুলিশ সন্দেহক্রমে সি পি এম সমর্থক জনৈক কালু মহালদারকে গ্রেপ্তার করে মামলা রুজু করে। আসামী দোষ স্বীকার করেছে বলে গ্রামবাসীরা জানান। আসামীর জামিন হয়নি।

## বি জে পির চেষ্টায় ধানের বস্তা আটক

ধুলিয়ান ঃ সম্প্রতি স্থানীয় কলাবাগানে ভারতীয় জনতা পার্টির তৎপরতায় সাত বস্তা ধান বাংলাদেশে পাচারের সময় ধরা পড়ে। বি জে পির নেতা ষষ্ঠী ঘোষ জানান ঐ ধরা পড়া ধান ছাড়িয়ে আনতে স্থানীয় কংগ্রেস নেতাদের অনেককে থানায় তদ্বির করতে দেখা যায়।

## তুলা শিল্পীদের সম্মেলন

ধুলিয়ান ঃ সম্প্রতি এখানে সামসেরগঞ্জ তুলাশিল্পী ইউনিয়নের বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। প্রায় ১০০ প্রতিনিধি সম্মেলনে যোগ দেন। সভায় পর্যাপ্ত কাঁচামাল সরবরাহ ও সরকার নির্দ্ধারিত মজুরী দান ইত্যাদি দাবী জানানো হয়। সম্মেলন পরিচালনা করেন ফঃ বঃ নেতা ইউসুফ হোসেন। নতুন বছরের জন্য রৌশন আলি ও সেতাবুদ্দিন যথাক্রমে সভাপতি ও সম্পাদক নির্বাচিত হন।

## সন্ত রবিদাসের ৬১৪তম জন্ম জয়ন্তী পালন

রঘুনাথগঞ্জ ঃ গত ৩ ফেব্রুয়ারী স্থানীয় শ্রীকান্তবাটী হাই স্কুলে মহাসমারোহে সন্ত রবিদাসের ৬১৪তম জন্ম জয়ন্তী পালিত হয়। অনুষ্ঠানটির আয়োজন করেন মুর্শিদাবাদ জেলা অনুন্নত সম্প্রদায় সংঘ। জেলার বিভিন্ন অংশ থেকে আদিবাসী, তপশীলি ও অনুন্নত সম্প্রদায়ের মহিলা ও পুরুষ শ্রদ্ধা জানাতে অনুষ্ঠানে যোগ দেন। সংঘের প্রাদেশিক শাখার পক্ষ থেকে নেতৃবৃন্দ এখানে আসেন। অনুষ্ঠানে প্রায় ৩০০ জন প্রতিনিধি অংশ গ্রহণ করেন।

## ব্যবসাদার সমিতি বিদায় জানালেন পুলিশ সুপারকে

ধুলিয়ান ঃ স্থানীয় ব্যবসাদার সমিতি গত ১০ ফেব্রুয়ারী জেলা পুলিশ সুপার বি ডি শর্মাকে বিদায় অভিনন্দন জানাতে এক অনুষ্ঠান করেন। শ্রীশর্মা প্রায় তিন বছর এই জেলায় কাজ করে গেলেন। বিদায় অনুষ্ঠানে স্থানীয় ব্যবসাদার সমিতির পক্ষে ব্যবসায়ী সমিতির সম্পাদক হেমচন্দ্র সাহা তাঁর প্রদত্ত অভিভাষণে জানান শ্রীশর্মার মত সহৃদয়, জনদরদী এবং সুদক্ষ অফিসারের বিদায় ক্ষণে তাঁরা অভিভূত। এবং তাঁর কথা তাঁরা চিরদিন মনে রাখবেন। স্থানীয় বিড়ি মার্চেণ্টস্ সমিতির পক্ষে উপস্থিত ছিলেন রুস্তম আলি, পৌরসভার পক্ষে পুরপতি তরুণ সেন এবং নাগরিকদের পক্ষে অজিত সিংহ। বি ডি ও সামসেরগঞ্জ তাঁর ভাষণে বলেন এই প্রথম সরকারী পর্যায়ের উচ্চতম পদে অধিষ্ঠিত একজনকে এ রকম প্রীতিপূর্ণ বিদায় সম্ভাষণ জানানো হল। শ্রীশর্মা তাঁর ভাষণে ধুলিয়ানবাসীকে অভিনন্দন জানিয়ে বলেন—এখানকার মানুষের এই স্বতঃস্ফূর্ত বিদায় অভিনন্দনে তিনি মুগ্ধ। তিনি আরও বলেন এখানে একটি ফায়ার ব্রিগেড ও নতুন থানা ভবনের জন্য তিনি চেষ্টা করেছেন এবং আশা করেন খুব শীঘ্র এ দুটি রূপায়িত হবে। আমি যেখানেই থাকি না কেন এ দুটির কাজ সম্পূর্ণ করতে চেষ্টা করে যাবো।

## দুষ্কৃতকারীরা পুলিশের আশ্রিত

জঙ্গিপুর ঃ গত ২৫ ডিসেম্বর একদল দুষ্কৃতী ওসমানপুরে হামলা চালালে বেশ কিছু গ্রামবাসী আহত হন এবং তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়। এ ব্যাপারে রঘুনাথগঞ্জ থানায় ঘটনার পরদিন অভিযোগ দায়ের করলে ( কেস নং ২৪১/৯০, ২৬ ডিসেম্বর ) পুলিশ কয়েকজনকে গ্রেপ্তার করে পুনরায় ছেড়ে দেয়। পুলিশের আস্কারায় দুষ্কৃতীদের জোড় বাড়ে এবং তারা গ্রামে দাপিয়ে বেড়াচ্ছে বলে জানা যায়। উল্লেখ্য একটি মসজিদের টাকা পয়সা নিয়ে এই গণ্ডগোলের সূত্রপাত হয়।


কিস্তিতে পাওয়া যায়

বাস, লরী, ম্যাটাডোর, জীপ, প্রাইভেট কার ইত্যাদি। এছাড়া সাইকেল, ফ্যান, টিভি, সোফাকাম বেড, ষ্টিল আলমারী, খাট, ড্রেসিং টেবিল প্রভৃতি দৈনিক কিস্তির মাধ্যমে পাওয়া যায়।

সত্বর নীচের ঠিকানায় যোগাযোগ করুন ঃ

**দিলসন্স্ মিউচুয়ালাইজার**

গভঃ রেজি নং L/44399

শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫

বিঃ দ্রঃ—কমিশন এজেণ্ট চাই



**যৌতুকে VIP**

**সকল অনুষ্ঠানে VIP**

**ভ্রমণের সাথী VIP**

**এর জুড়ি কি আর আছে!**

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের VIP সেণ্টারে

এজেণ্ট

প্রভাত ষ্টোর (দুলুর দোকান)

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



আর্থিক পুনর্বাসনে আপনাদের সেবায় ঃ

**শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ**

গভঃ রেজিঃ নং ২১-৪৯৭২৫

রেজিঃ এবং হেড অফিস

দরবেশপাড়া ঃ রঘুনাথগঞ্জ ঃ মুর্শিদাবাদ

আপনাদের সহযোগিতা প্রার্থী—

এ. মুখার্জী

ম্যানেজিং ডাইরেক্টর



**Centre for Career Development Courses**

এখানে সুযোগ রয়েছে ঃ—

১। কমপিউটার ট্রেনিং ২। স্পোকেন ইংলিশ

৩। ব্যাঙ্কিং ও রেল ইত্যাদি পরীক্ষার প্রস্তুতি এবং

৪। কমার্স শিক্ষার।

নতুন বছরের ভর্তি চলছে। যোগাযোগ করুন ঃ

এস. এন. চ্যাটার্জী বি. পি. চ্যাটার্জী

পাকুড়তলা

পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )


রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অচ্যুতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।